

COVID-19

অসুস্থতাজনিত সবেতন ছুটি



নিয়োগকর্তাবৃন্দ

New York-এর কর্মীরা COVID-19-এর কারণে **আবশ্যিক বা সতর্কতামূলক কোয়ারান্টাইন/আইসোলেশন অর্ডার** সময়কালে থাকাকালীন তাদের চাকরি সুরক্ষা এবং আর্থিক ক্ষতিপূরণের নিশ্চয়তা দেওয়া হয়।

COVID-19 অসুস্থতাজনিত সবেতন ছুটি-এর জন্য নিয়োগকর্তাদের কী কী জানা প্রয়োজন:

আপনার ব্যবসায় যদি **10 জন না তার কম** কর্মচারী থাকে এবং গত বছর এটির **নেট আয় \$1 মিলিয়নের থেকে কম হয়** তাহলে আপনি কর্মচারীদের অবশ্যই এগুলি দেবেন:

- কোয়ারান্টাইন অর্ডারের সময়কালে গ্যারান্টিযুক্ত চাকরির সুরক্ষা এবং অবৈতনিক COVID-19 অসুস্থতাজনিত ছুটি।
- আপনার বিদ্যমান সবেতন পারিবারিক ছুটি (PFL) এবং প্রতিবন্ধীতা সুবিধা (DB) পলিসির মাধ্যমে তাদের বাকি কোয়ারান্টাইনের জন্য প্রতি সপ্তাহে সন্মিলিত \$2,884.62 পর্যন্ত ক্ষতিপূরণ।

আপনার ব্যবসায় যদি **10 জন না তার কম** কর্মচারী থাকে এবং গত বছর এটির **নেট আয় \$1 মিলিয়নের থেকে বেশি হয়** তাহলে আপনি কর্মচারীদের অবশ্যই এগুলি দেবেন:

- COVID-19-এর অসুস্থতাজনিত সবেতন ছুটির ক্ষেত্রে কমপক্ষে 5 দিনের ছুটি** এবং কোয়ারান্টাইন অর্ডারের সময়কালে গ্যারান্টিযুক্ত চাকরির সুরক্ষা।
- আপনার বিদ্যমান PFL এবং DB পলিসির মাধ্যমে তাদের বাকি কোয়ারান্টাইনের জন্য প্রতি সপ্তাহে সন্মিলিত \$2,884.62 পর্যন্ত ক্ষতিপূরণ।

আপনার ব্যবসায় যদি **11-99 জন** কর্মচারী থাকে তাহলে আপনি কর্মচারীদের অবশ্যই এগুলি দেবেন:

- COVID-19-এর অসুস্থতাজনিত সবেতন ছুটির ক্ষেত্রে কমপক্ষে 5 দিনের ছুটি** এবং কোয়ারান্টাইন অর্ডারের সময়কালে গ্যারান্টিযুক্ত চাকরির সুরক্ষা।
- আপনার বিদ্যমান PFL এবং DB পলিসির মাধ্যমে তাদের বাকি কোয়ারান্টাইনের জন্য প্রতি সপ্তাহে \$2,884.62 পর্যন্ত ক্ষতিপূরণ।

আপনার ব্যবসায় যদি **100 বা তার বেশি জন** কর্মচারী থাকে তাহলে আপনি কর্মচারীদের অবশ্যই এগুলি দেবেন:

- কোয়ারান্টাইন অর্ডারের সময়কালে গ্যারান্টিযুক্ত চাকরির সুরক্ষা।
- COVID-19-এর অসুস্থতাজনিত সবেতন ছুটির ক্ষেত্রে কমপক্ষে 14 দিনের ছুটি।**

আপনি যদি পাবলিক নিয়োগকর্তা হন (কর্মচারীর সংখ্যা নির্বিশেষে), আপনি কর্মচারীদের অবশ্যই এগুলি দেবেন:

- COVID-19-এর অসুস্থতাজনিত সবেতন ছুটির ক্ষেত্রে কমপক্ষে 14 দিনের ছুটি।**

আপনার কর্মচারীরা কোয়ারান্টাইনে থাকার আগে ও পরে আপনাকে যা করতে হবে তা এখানে দেওয়া হল।

- আপনার কর্মচারীদের জানান যে তারা সবেতন/অবৈতনিক ছুটি পাওয়ার অধিকারী।
- PFL বা DB-এর জন্য আবেদন করতে আপনার কর্মীদের অবিলম্বে সাহায্য করুন।
- আপনার কোনও প্রশ্ন থাকলে, হটলাইনে এখানে কল করুন **844-337-6303**।

গুরুত্বপূর্ণ নোট:

- যদি আপনার কর্মচারীরা কোয়ারান্টাইনে থাকেন কিন্তু বাড়ি থেকে কাজ করতে সক্ষম হন তাহলে তাঁরা এই সুবিধাগুলির জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- COVID-19-এর কারণে আপনার ব্যবসা বন্ধ থাকলে, আপনার কর্মীরা অবিলম্বে বেকারত্ব বীমার জন্য আবেদন করতে পারে।
- New York-এর COVID-19 কোয়ারান্টাইন ছুটির সুবিধাগুলি শুধুমাত্র কোয়ারান্টাইন বা আইসোলেশন অর্ডারের সময় উপলব্ধ। কোনও ব্যক্তি কোয়ারান্টাইন বা আইসোলেশনে থাকার অর্ডারে না থাকলে, তারা আর New York-এর COVID-19 কোয়ারান্টাইন ছুটির সুবিধার যোগ্য হবেন না।

প্রশ্নাবলী:

- আরো তথ্যের জন্য, এখানে যান paidfamilyleave.ny.gov/COVID19
- COVID-19 অসুস্থতাজনিত সবেতন ছুটির হটলাইন: **844-337-6303**